# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, JULY 2021**
**THIRD YEAR [BATCH 2018-21]**
**BENGALI (HONOURS)**
**Paper : IX**

Date : 13/07/2021
Time : 11.00 am - 3.00 pm
Full Marks : 100

## বিভাগ - ক

১। সংস্কৃত নাট্যসাহিত্যে ভবভূতির নাটকের বিশিষ্টতা আলোচনা করো।

**অথবা,** [১২]

মহাকবি কালিদাসের কাব্যগ্রন্থগুলি আলোচনা করে তাঁর প্রতিভার মূল্যায়ন করো।

২। পিউরিটান যুগের শীর্ষ প্রতিভাধর কবি মিল্টনের কাব্যগ্রন্থের বিশিষ্টতা আলোচনা করো।

**অথবা,** [১২]

বার্নাড শ-র নাটকের বহুমাত্রিকতা সম্পর্কে আলোচনা করো।

৩। প্রাক্-আধুনিক যুগের অসমিয়া সাহিত্য সম্পর্কে একটি আলোচনা করো।

**অথবা,** [১৩]

তামিল সাহিত্যের আদি ও মধ্যযুগের রচনা ও তার বিশেষত্ব সম্বন্ধে আলোচনা করো।

৪। রোমান্টিসিজম সম্পর্কে তোমার অভিমত বিস্তারিতভাবে লেখো।

**অথবা,** [১৩]

ক্লাসিসিজম সম্পর্কে তোমার অভিমত বিস্তারিতভাবে লেখো।

## বিভাগ - খ

### (বিশেষ পত্র - প্রাক্-আধুনিক সাহিত্য)

৫। ''তিনি ব্রাত্য। আর তাঁর পূজক হাড়ি-ডোম-চণ্ডাল প্রভৃতি অত্যন্ত অ-ব্রাহ্মণ জাতি। সুতরাং ব্রাত্য তো বটেই।''— ধর্মমঙ্গল কাব্যে প্রতিফলিত ধর্মঠাকুরের স্বরূপ আলোচনা করো।

**অথবা,** [১২]

''চব্বিশটি পালায় বিভক্ত ধর্মমঙ্গল কাব্যের প্রতিটি পালা এক একটি নিটোল ছোটো গল্পের মতো। প্রতিটি গল্প একটি সুতোয় গাঁথা মালার মতো সুবিন্যস্ত হয়ে মহাকাব্যিক ব্যাপ্তি লাভ করেছে।'' — বিষয়টি আলোচনা করো।

৬। 'লোরচন্দ্রাণী ও সতীময়না' কাব্যটি কি বীররসাত্মক নাকি শৃঙ্গার রসাত্মক? তোমার উত্তর যুক্তিসহ প্রতিষ্ঠা করো।

**অথবা,** [১২]

'সাম্প্রদায়িকতা' বলতে কী বোঝ? 'লোরচন্দ্রাণী ও সতীময়না' কাব্যটিকে 'অসাম্প্রদায়িক' বলা যায় কিনা আলোচনা করো।

৭। ''যে যুগে বসে ভারতচন্দ্র মাক্রো ও মাইক্রো দৃষ্টিকোণ থেকে চলমান সময়কে কম্পাসের মতো সঠিক দূরত্বকে মেপে দেখছিলেন সেই দৃষ্টির অনন্যতাকে উদয়কুমার চক্রবর্তী যথাযথভাবে উপস্থাপন করার বিরল কৃতিত্ব দেখিয়েছেন।'' —মন্তব্যটির যথার্থতা প্রতিপাদন করো।

**অথবা,** [১২]

''জীবনে চলতে চলতে ভারতচন্দ্র উপলব্ধি করেছেন — ''কষ্ট ছাড়া যেন জীবন নেই। কষ্টের উপলব্ধি ছাড়া যেন পরিত্রাণ নেই।'' — এই উপলব্ধির সত্যতা বিচার করো।

৮। মনসামঙ্গল কাব্যের বিনির্মাণরূপে 'চাঁদবেনে' উপন্যাসে লেখক আখ্যান নির্মাণের যে দক্ষতার পরিচয় দিয়েছেন, তা আলোচনা করো।

**অথবা,** [১৪]

সেলিনা হোসেন 'চাঁদবেনে' উপন্যাসে সর্বকালীন শোষণের হাত থেকে সর্বকালীন গণমানুষের মুক্তির প্রত্যাশা করেছেন।— উপন্যাস অবলম্বনে ব্যাখ্যা করো।

## (বিশেষ পত্র - কথাসাহিত্য)

৫। 'ঋতুসংহার' কিংবা 'মেঘদূত' নয়, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস 'কুমারসম্ভবের কবি'র নামকরণ প্রবল হয়ে উঠেছে কালিদাসের জীবনচরিতের উপস্থাপনে। — আলোচনা করো।

**অথবা,** [১২]

'কুমারসম্ভবের কবি' উপন্যাসটি শরদিন্দুর ঐতিহাসিক উপন্যাসের ধারায় একটি ব্যতিক্রম। আলোচ্য উপন্যাসটি কীভাবে এবং কেনই-বা ব্যতিক্রমী হয়ে উঠল, যুক্তিসহ বিচার করো।

৬। 'বাহিরি' কেবল একজন বংশীর কাহিনি নয়, গোটা ভারতবর্ষেরই কথা। মন্তব্যটির সূত্রে 'বাহিরি' উপন্যাসের নামকরণের তাৎপর্য নিয়ে আলোচনা করো।

**অথবা,** [১২]

'বাহিরি' উপন্যাসের সঞ্জয় চরিত্রটির আয়নায় আমরা যেন নিজেদেরই দেখতে থাকি — উক্তিটির যাথার্থ বিচার করো।

৭। সমাজের যে অংশের মানুষ রাষ্ট্রশক্তির অনুগত, তাদের প্রতিনিধিদের মহাশ্বেতা দেবী 'হাজার চুরাশির মা' উপন্যাসে কীভাবে উপস্থাপিত করেছেন আলোচনা করো।

**অথবা,** [১২]

নন্দিনীর সঙ্গে সুজাতার সাক্ষাৎ পর্বটি 'হাজার চুরাশির মা' উপন্যাসে কতখানি তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে ব্যাখ্যা করো।

৮। সমরেশ বসুর ছোটগল্প 'শানাবাউরীর কথকতা'র মূল বক্তব্য কী? সেই বক্তব্য প্রকাশে প্রকৃতি পরিবেশের যে অনন্য সাধারণ ব্যবহার লেখক করেছেন, তার পরিচয় দাও।

**অথবা,** [১৪]

শ্যামল গঙ্গোপাধ্যায়ের ছোটগল্প 'চন্দনেশ্বরের মাচানতলায়'-এর অমৃত চরিত্রটি বিশ্লেষণ করো।

——————— × ———————